**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল শিশুশ্রম লঙ্ঘন এবং শ্রম পাচারে বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে নতুন ব্যবস্থা ঘোষণা করলেন

***নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ নতুন শিশুশ্রম টাস্ক ফোর্স গঠন করবে, কমবয়সী কর্মীদের সুরক্ষার জন্য নিয়োগকর্তা অঙ্গীকার কর্মসূচি তৈরি করবে, শ্রম পাচার সাড়াদান ইউনিট স্থাপন করবে***

***কর্মী, পিতামাতা ও নিয়োগকর্তাদের অবগত করার জন্য বিভাগের বিদ্যমান সরকারি শিক্ষা ক্যাম্পেইনের উপর ভিত্তি করে তৈরি***

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে শিশুশ্রম লঙ্ঘন ও শ্রম পাচারের বিরুদ্ধে লড়াইয়ে নতুন প্রয়াস ঘোষণা করলেন। 2022 সালে নিউ ইয়র্ক স্টেটে উল্লেখযোগ্য 68 শতাংশ শিশুশ্রম লঙ্ঘনের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে, গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) কমবয়সী কর্মীদের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে তাদের প্রতিশ্রুতি বলীয়ান করছে। এটি কমবয়সী কর্মীদেরকে তাদের কর্মস্থানের অধিকার সম্পর্কে শিক্ষিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের সাম্প্রতিক ক্যাম্পেইনের অনুবর্তী। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ এছাড়াও একটি নতুন শিশুশ্রম টাস্কফোর্স (Child Labor Task Force) গঠন করবে, একটি নিয়োগকর্তা অঙ্গীকার কর্মসূচি তৈরি করবে এবং অভিবাসন নীতি ও অ্যাফেয়ার্স বিভাগের (Division of Immigrant Policies and Affairs) পাচারবিরোধী কাজ সম্প্রসারিত করে একটি শ্রম পাচার সাড়াদান ইউনিট (Labor Trafficking Response Unit) স্থাপন করবে।

"আমাদের শিশুদের রক্ষা করার এবং শোষণমূলক শ্রম অনুশীলন বন্ধ করার ব্যাপারে আমাদের সকলেরই নীতিগত দায়িত্ব রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "অনেক দশক ধরে, নিউ ইয়র্ক স্টেট শিশুশ্রম সুরক্ষা স্থাপনে দেশকে নেতৃত্ব দিয়েছে, যেমন স্কুল চলাকালীন রাতে কর্মঘণ্টা সীমিত করা এবং অপ্রাপ্তবয়স্কদের জন্য সর্বনিম্ন বেতনের মানদণ্ড স্থাপন করা। সম্প্রতি শিশুশ্রম লঙ্ঘন বৃদ্ধির প্রতিবেদনের ফলশ্রুতিতে হওয়া এই নতুন ব্যবস্থাগুলি কমবয়সী কর্মীদেরকে কর্মস্থানে তাদের অধিকার সম্পর্কে শিক্ষিত করবে এবং নিয়োগকর্তাদের দায়বদ্ধ করবে, সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদতর কর্মক্ষেত্র তৈরি করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগে আমরা যে কাজ করি তার মধ্যে নিউ ইয়র্কের কর্মীদের সুরক্ষা ও ক্ষমতায়ন কেন্দ্রীয়, তাই আমাদের সবথেকে দুর্বল কর্মীদের শোষণের হাত থেকে বাঁচানোর ব্যাপারে দেশকে নেতৃত্ব দিতে আমরা দৃঢ়সংকল্প। এই ব্যাপারটিতে গুরুত্ব প্রদানের জন্য এবং এই বছরের শুরুতে আমরা যেই প্রয়াস শুরু করেছিলাম তা বিস্তৃত করতে অবিলম্বে কাজ করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। নতুন টাস্কফোর্স এবং আমাদের অব্যাহত ক্যাম্পেইনটি আমাদেরকে মাত্র কর্মক্ষেত্রে প্রবেশ করতে যাওয়া দুর্বল কর্মীদের সুরক্ষা করার হাতিয়ার প্রদান করবে।"

**<u>শিশুশ্রম টাস্কফোর্স</u>**

শিশু, পিতামাতা ও নিয়োগকর্তারা যাতে কর্মক্ষেত্রে তাদের অধিকার ও কর্তব্য সম্পর্কে যাতে পারে তা নিশ্চিত করার জন্য স্থানীয় স্কুল ও মিউনিসিপ্যালিটিসমূহের সাথে সরাসরি কাজ করার জন্য গভর্নর হোকল একটি নতুন আন্তঃএজেন্সি শিশুশ্রম টাস্কফোর্স গঠন করবে। টাস্কফোর্সটি বিভিন্ন স্টেট পর্যায়ের অংশীদারের মধ্যকার একটি সহযোগিতামূলক প্রচেষ্টা হবে, যার নেতৃত্ব দিবে NYSDOL, এবং যেখানে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), নিউ ইয়র্ক শিক্ষা বিভাগ (New York State Education Department, NYSED), নিউ ইয়র্ক স্টেটের নতুন আমেরিকানদের জন্য অফিস (New York Department of State's Office for New Americans), নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights) , নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (New York State Office of Temporary and Disability Assistance), নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিস (New York State Office of Children and Family Services), এবং নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services) অংশগ্রহণ করবে। প্রয়োগ সক্ষমতা বৃদ্ধি করতে NYSDOL টাস্কফোর্সের অন্য এজেন্সির সাথে সমন্বয় করবে।

**<u>সরকারি শিক্ষা ক্যাম্পেইন বিস্তৃত করা</u>**

NYSDOL তাদের 2023 সালের জানুয়ারি মাসে শুরু করা সরকারি শিক্ষার ডিজিটাল ক্যাম্পেইনটি বিস্তৃত করবে এবং সেখানে শ্রম পাচারের ব্যাপারে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হবে, একইসাথে সেখানে অপ্রাপ্তবয়স্করা কী কাজ করতে পারবে না তা সহ কমবয়সীদের অধিকার সম্পর্কে অতিরিক্ত তথ্যও থাকবে। ওয়ার্কিং পেপারের সাথে স্কুলে বিতরণের জন্য শ্রম আইন ও শ্রম পাচার তথ্য প্রদান করতে NYSDOL, NYSED এর সাথে অংশীদারিত্ব করবে।

**<u>নিয়োগকর্তার অঙ্গীকার</u>**

আতিথেয়তা, রেস্টুরেন্ট, ফাস্ট ফুড, এবং উৎপাদন, খাদ্য প্রস্তুতকরণ, নির্মাণ, কৃষি, এবং ল্যান্ডস্কেপিংয়ের শারীরিকভাবে কঠিন শিল্পখাতের নিয়োগকর্তাদেরকে তাদের কর্মীদেরকে শ্রম অধিকার ও শ্রম পাচারের লক্ষণ সম্পর্কে শিক্ষা প্রদান করার জন্য NYSDOL উৎসাহিত করবে। এর মধ্যে থাকবে কমবয়সী কর্মীদের সুরক্ষা প্রদানের জন্য নিয়োগকর্তাদের একটি অঙ্গীকার গ্রহণে উৎসাহিত করা।

**<u>শ্রম পাচার সাড়াদান ইউনিট</u>**

শ্রম পাচার বা জোরপূর্বক শ্রম অর্থ হলো কোনও ব্যক্তিকে তার ইচ্ছার বিরুদ্ধে কাজ করতে বাধ্য করার জন্য জন্য জোর খাটানো, প্রতারণা করা বা বলপ্রয়োগ করা। বিশ্বে আনুমানিক 27 মিলিয়নের বেশি ব্যক্তি মানব পাচারকারীদের শোষণের শিকার। শ্রম পাচার সকল স্তরের প্রাপ্তবয়স্ক ও শিশু উভয়কে প্রভাবিত করতে পারে, কিন্তু এর একটি অসামঞ্জস্যপূর্ণ সংখ্যা হলো সংখ্যালঘু এবং প্রান্তিক ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের মানুষ।

শ্রম পাচারের শিকার ব্যক্তিদের সমর্থন ও সুরক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে সম্প্রসারিত করতে, NYSDOL এর অভিবাসী নীতি ও অ্যাফেয়ার্স বিভাগের অধীনে একটি নতুন পাচারবিরোধী ইউনিট (Anti-Trafficking Unit) গঠন করে সম্প্রসারিত হচ্ছে। নতুন পাচারবিরোধী ইউনিটে থাকবে নিউ ইয়র্ক সিটি ও অ্যালবানিতে অবস্থানরত শ্রম পাচার সাড়াদান কর্মী, এবং শ্রম পাচারের ক্ষেত্রে সবথেকে দুঃস্থ ব্যক্তিরা যাতে এর লক্ষণ ও তারা এর শিকার হলে তাদের সাহায্য করার জন্য উপলভ্য সংস্থান সম্পর্কে জানতে পারে তা নিশ্চিত করবে।

শ্রম পাচারের লক্ষণের মধ্যে রয়েছে:

- আপনাকে বলা যে একটি ধার পরিশোধের জন্য আপনাকে কাজ করতেই হবে।
- একটি গ্রিন কার্ড বা আপনি পাচ্ছেন না এমন অর্থের মতো কোনও ভাতার প্রতিশ্রুতি দেওয়া।
- আপনাকে বলা যে আপনার পাসপোর্ট বা চাকরির চুক্তি আপনার নিয়োগকর্তার কাছে থাকবে।
- এই হুমকির সম্মুখীন হওয়া যে কাজ না করলে কেউ পুলিশকে বা অভিবাসনকে ফোন করবে।

যদি কোনও নিউ ইয়র্কবাসী মনে করে যে সে বা তার পরিচিত কেউ শ্রম পাচারের শিকার হচ্ছে, তাহলে তার উচিত 877-466-9757 ফোন নম্বর বা trafficking@labor.ny.gov ইমেইলের মাধ্যমে NYSDOL এর সাথে যোগাযোগ করা। NYSDOL কখনো একজন কর্মীর অভিবাসন অবস্থা সম্পর্কে প্রশ্ন করবে না।

**নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের কমিশনার ও মানবপাচারের আন্তঃএজেন্সি টাস্কফোর্সের (Interagency Task Force on Human Trafficking) সহপ্রধান ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "কোনও ব্যবসার জন্য সম্প্রতি আগত অভিবাসীদের, বিশেষ করে শিশুদের, শোষণ করা একেবারেই বিবেকবর্জিত এবং আমরা সামনে থেকেই এই সমস্যার সমাধান করবো। সম্ভাব্য পাচারের শিকার ব্যক্তিদের সনাক্ত করার জন্য এবং তাদের কাছে যাতে তাদের প্রয়োজনীয় সমর্থক, সাংস্কৃতিকভাবে যথাযথ, সার্বিক পরিষেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করার জন্য আমাদেরকে আমাদের প্রচেষ্টা দ্বিগুণ করতে হবে।"

**নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের কমিশনার বেটি এ. রোজা বলেন,** "অভিবাসী শিশুদেরকে জোরপূর্বক শোষণ ও অপব্যবহার করে তাদের দিয়ে নিষ্ঠুর এবং প্রায়শই বিপজ্জনক কাজ করানো বন্ধ করতে হবে। গুরুত্বপূর্ণ এই টাস্কফোর্সে শ্রম বিভাগের সাতে

অংশীদারিত্ব করতে পেরে আমি কৃতজ্ঞ এবং এইসব অন্যায়ের ব্যাপারে সচেতনতা সৃষ্টি করতে আমাদের স্কুল ও স্টেট এজেন্সি অংশীদারদের সাথে কাজ করতে NYSED প্রতিশ্রুতিবদ্ধ।"

**নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া ইম্পেরিয়াল বলেন,** "শিশুশ্রম একটি মানবাধিকার সমস্যা যা শিশুদেরকে তাদের সরলতা, মর্যাদা ও ভবিষ্যৎ থেকে বঞ্চিত করে।আমাদের সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষা করা ও যেখানে সকলেই তাদের সম্ভাবনা পূর্ণ করতে পারে এমন একটি স্টেটের প্রচার করা অব্যাহত রাখা আমাদের জন্য আবশ্যক।"

**নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভ বলেন,** "আমাদের মধ্যে যারা সবথেকে মূল্যবান ও দুর্বল, শিশুশ্রম তাদের মানসিক, আবেগিক, এবং এমনকি শারীরিক বিকাশকেও মারাত্মকভাবে প্রভাবিত করে। যা এই কমবয়সী মানুষদের তাদের ইচ্ছার বিরুদ্ধে পাচার করার মাধ্যমে আরো খারাপ হচ্ছে। আমাদের এজেন্সি নিউ ইয়র্কের সকল শিশুর স্বাস্থ্য, নিরাপত্তা ও সুস্থতার সুরক্ষা করতে চায় এবং এটি তার ঠিক কেন্দ্রে গিয়ে আঘাত করে। প্রায়শই অগ্রাহ্য করা এইসব অপরাধ শেষ করতে গুরুত্বপূর্ণ এই পদক্ষেপ গ্রহণের জন্য আমি গভর্নর হোকল এবং শ্রম বিভাগের প্রশংসা করছি এবং শ্রম পাচারের শিকার ব্যক্তিদের সমর্থন করার জন্য এবং এই পরিব্যাপক সমস্যাকে ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য গভর্নরের প্রশাসন ও অন্যান্য এজেন্সি অংশীদারের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন,** "আমাদের শ্রম আইন লঙ্ঘন এবং যেকোনও পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর শোষণ অগ্রহণযোগ্য, কিন্তু আমাদের সম্প্রদায়ের সর্বাধিক দুর্বল সদস্য, আমাদের কমবয়সীদের এর শিকারে পরিণত করা অত্যধিক নিন্দাযোগ্য এবং আমরা তা সহ্য করবো না। শিশুশ্রম লঙ্ঘন এবং শ্রম পাচার বৃদ্ধি পাওয়ার ঘটনার বিরুদ্ধে লড়াই করতে গভর্নর হোকল ও কমিশনার রিয়ারডনের দ্রুত প্রচেষ্টার জন্য আমি তাদের প্রশংসা করছি, এবং স্টেট পুলিশ তাদের সাথে কাজ করে আইন লঙ্ঘনকারীদের দায়বদ্ধ করতে এবং এর শিকার ব্যক্তিদের ন্যায়বিচার প্রদান করতে উন্মুখ।"

**ব্যবসা ও কমবয়সী কর্মীদের জন্য NYSDOL সংস্থান**

কর্মী ঘাটতির কারণে কমবয়সীদের জন্য কর্মঘণ্টার সীমা অতিক্রম করা থেকে ব্যবসাসমূহকে প্রতিরোধ করার জন্য, এছাড়াও NYSDOL উপলভ্য সংস্থানের প্রচার অব্যাহত রাখবে যাতে ব্যবসাসমূহের কাছে পর্যাপ্ত কর্মীবাহিনী থাকা নিশ্চিত করতে তাদের কর্মচারী নিয়োগে সাহায্য করা যায়। NYSDOL এর ব্যবসা পরিষেবার মাধ্যমে, ব্যবসাসমূহ চাকরির সুযোগ পোস্ট করতে পারবে, নিয়োগ প্রণোদনা সম্পর্কে জানতে এবং বিনামূল্যে কনসালটেন্সি পরিষেবা পেতে পারবে।

NYSDOL এর চাকরি ও কর্মীবাহিনী সমাধান বিভাগে (Division of Employment and Workforce Solutions) কর্মস্থানে প্রবেশ করতে যাওয়া কমবয়সী মানুষদের সাহায্য করার জন্য একটি কমবয়সীদের জন্য দল রয়েছে। কমবয়সী নিউ ইয়র্কবাসীদেরকে আবেদনপত্র পূরণ করার পাবে কী করতে হবে সে ব্যাপারে শিক্ষাদান করার জন্য অনলাইনে তাদের জন্য জন্য নির্দেশনা

উপলভ্য আছে। নির্দেশনাগুলি বয়স অনুযায়ী 14-17 এবং 18-24 এর জন্য ভাগ করা আছে, এবং এর অধীনে ওয়ার্কিং পেপার পাওয়া, যথাযথ পরিচয়পত্র, রিজিউম প্রস্তুতি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় থাকবে। কমবয়সী কর্মী ও নিয়োগদাতা ব্যবসাসমূহের জন্য মনে রাখার মতো কিছু পরামর্শ হলো:

- 14 থেকে 17 বছরের কর্মীদের নিউ ইয়র্ক স্টেটে চাকরি করার জন্য একটি চাকরির সনদ প্রয়োজন, এটিকে ওয়ার্কিং পেপারও বলা হয়ে থাকে।
- অপ্রাপ্তবয়স্কদের কাজ করার শিফটের দৈর্ঘ্য, দিনের কোন সময় করা যাবে এবং কত ঘণ্টা করা যাবে তা তাদের বয়স, এবং স্কুলের সেশন চলছে কিনা তার উপর ভিত্তি করে সীমিত হবে।
- অপ্রাপ্তবয়স্কদের জন্য রাতে কাজ করা নিষিদ্ধ এবং প্রাপ্তবয়স্কদের তুলনায় তাদের সীমাবদ্ধতা ভিন্ন।
- অপ্রাপ্তবয়স্কসহ সকল কর্মীদের জন্য সর্বনিম্ন বেতনের আইন প্রযোজ্য (যদি অন্যথায় উল্লেখ না করা হয়)।
- বিপজ্জনক হিসেবে গণ্য হওয়া বিশেষ কাজ বা পেশা অপ্রাপ্তবয়স্কদের জন্য নয়। এই কাজ বা পেশাগুলি স্টেট এবং/অথবা ফেডারেল পর্যায়ে নিষিদ্ধ আছে।

নতুন ক্যাম্পেইনটি দেখার জন্য NYSDOL এর সোশ্যাল মিডিয়া চ্যানেলগুলি দেখুন, এবং শিশুশ্রম আইনের ব্যাপারে আরো তথ্যের জন্য NYSDOL এর আপনার অধিকার জানুন (Know Your Rights) ল্যান্ডিং পেজটি দেখুন। মানব ও শ্রম পাচারের ব্যাপারে আরো তথ্যের জন্য, NYSDOL এর মানব পাচার ওয়েবপেজটি ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন